# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**01 MAY 2026** **7:45—7:55 PM**

---

১) শ্রমিকের মর্যাদা এবং সম্মান প্রদর্শনে সমগ্র বিশ্বে আয়োজিত আর্ন্তজাতিক শ্রমিক দিবস আসাম তথা বরাক উপত্যকার বিভিন্ন স্থানেও পালিত ।

২) আগামী চৌঠা মে অনুষ্ঠেয় বিধানসভা নির্বাচনের ভোটগণনা এবং ফল ঘোষণার জন্য বরাক উপত্যকার তিন জেলাপ্রশাসনের প্রস্তুতি প্রায় সম্পূর্ণ ।

এবং

৩) চিরাচরিত উৎসাহ উদ্দিপনার মাধ্যমে আজ জ্ঞান প্রাপ্তি এবং মহাপরিনির্বানের ঐতিহাসিক ঘটনার প্রতীক বুদ্ধ পূর্ণিমা পালিত ।

---

আজ ঐতিহাসিক মে দিবস । আজকের দিনটি শ্রমিক দিবস হিসেবেও উদযাপিত হয় । নানা অনুষ্ঠান ও কর্মসূচির মধ্য দিয়ে বিশ্বব্যাপী শ্রমজীবী মানুষের প্রতি শ্রদ্ধা জানাতে আজকের দিনটি পালিত হয় । উল্লেখ্য যে দৈনিক ৮ ঘন্টা কাজের সময়ের দাবীতে ১৮৮৬ সালে আমেরিকার শিকাগো শহরে পথে নেমে শ্রমিকরা বিক্ষোভ প্রদর্শন করেছিলেন । ওই বিক্ষোভ প্রতিহত করতে পুলিশ গুলি চালালে বহু আন্দোলনকারী হতহত হন । এই ঘটনার পর ১৮৮৯ সালে আর্ন্তজাতিক শ্রমিক সম্মেলনে শ্রমিকদের অধিকার নিয়ে প্রস্তাব পেশ করা হয় । ওই সম্মিলন থেকে শ্রমিকদের দৈনিক কাজের সময়সীমা ৮ ঘন্টা নির্ধারণ করে দেওয়া হয় । সম্মিলন শেষে পয়লা মে দিনটিকে আর্ন্তজাতিক শ্রমিক দিবস হিসেবে পালন করার কথা ঘোষণা করা হয় । এবারের আর্ন্তজাতিক শ্রমিক দিবসের মূল বিষয় হচ্ছে - **কাজ করার জন্য সুস্থ মনোসামাজিক পরিসর** । এই বিষয়বস্তুর মাধ্যমে আধুনিক কর্মস্থলে মানসিক চাঁপ , কাজের চাপের

মত প্রত্যাহ্বান দূর করার ওপর গুরুত্ব প্রদান করার উদ্যোগ গ্রহণ করার কথা বলা হয়েছে ।

সমগ্র বিশ্বের শ্রমিক শ্রেণীর কল্যাণের স্বার্থের প্রতি লক্ষ্য রেখে পালন করা এই শ্রমিক দিবসের সঙ্গে সঙ্গতি রেখে বরাক উপত্যকায়ও আজ বিভিন্ন স্থানে শ্রমিক সমাবেশ , আলোচনাচক্র , সভা-সমিতি ইত্যাদির আয়োজন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------------

এস ইউ সি আই (সি) দলের কাছাড় জেলা কমিটির পক্ষ থেকে আজ যথাযোগ্য মর্য্যাদায় আর্ন্তজাতিক শ্রমিক দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে আজ সকালে শিলচরে দলীয় কার্য্যলয়ের সামনে দলের জেলা সম্পাদক ভবতোষ চক্রবর্তী পতাকা উত্তোলন করেন । পরে আয়োজিত এক আলোচনা সভায় বিভিন্ন বক্তা শ্রমিক দিবসের তাৎপর্য নিয়ে বক্তব্য রাখেন ।

অসম মজুরী শ্রমিক ইউনিয়নের শিলচর শাখার উদ্যোগেও আজ শিলচরে শ্রমিক দিবস পালন করা হয়েছে । শহরের রাঙ্গিখাড়ি ভাষা শহীদ স্মৃতি স্তম্ভ প্রাঙ্গনে বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে শ্রমিক দিবস পালন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায়ও আজ বিভিন্ন কার্যসূচীর মধ্য দিয়ে আর্ন্তজাতিক শ্রমিক দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে বিভিন্ন শ্রমিক সংগঠন, সামাজিক সংস্থা এবং বিভিন্ন প্রতিষ্ঠানের উদ্যোগে আলোচনা সভা ও সচেতনতা কার্যসূচী অনুষ্ঠিত হয়েছে ।

এদিকে শ্রমিকদের ঐক্য ও অধিকার রক্ষার বার্তা নিয়ে আজ হাইলাকান্দিতে আর্ন্তজাতিক শ্রমিক দিবস পালন করা হয়েছে ।

মে ডে সেলিব্রেশন কমিটির হাইলাকান্দি জেলা কমিটির উদ্যোগে এবং অল আসাম মিড ডে মিল এমপ্লয়িজ ইউনিয়ন ও অল আসাম কনস্ট্রাকশন ওয়াকার্স ইউনিয়নের সহযোগীতায় আজ হাইলাকান্দি জেলা পরিষদ কার্যলয়ের সভাকক্ষে শ্রমিক দিবস পালন করা হয়েছে । সিটুর হাইলাকান্দি জেলা সভাপতি চিন্তা হরন সূত্রধরের পৌরহিত্যে আয়োজিত সভায় শ্রমিকদের নায্য মজুরী , কাজের নিরাপত্তা এবং অধিকার রক্ষার বিষয়টি নিয়ে বিভিন্ন বক্তা আলোচনা করেন ।

---------------------------------------------------------------------------------------------------

আগামী চৌঠা মে অনুষ্ঠেয় বিধানসভা নির্বাচনের ভোট গণনা এবং ফলাফল ঘোষণার পরিপ্রেক্ষিতে আগাম সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে জেলা প্রশাসনগুলো বেশ কিছু নিষেধাজ্ঞা জারি করেছে ।

হাইলাকান্দির জেলা মেজিস্ট্রেট ভোট গণনার সময় যাতে শান্তি বিঘ্নত না হয় তার জন্য নিষেধাজ্ঞা জারি করেছেন । এই অনুসারে ভোট গণনা কেন্দ্রের ১০০ মিটার ব্যাসার্ধের মধ্যে ৫ বা ততোধিক লোক সমবেত হওয়া , আতবাজি , পটকা ইত্যাদি ফাটানো , অস্ত্রশস্ত্র নিয়ে চলাফেরা করা , শোভাযাত্রা , লাউড স্পিকার ব্যবহারের ক্ষেত্রে নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে । জেলায় তেসোরা মে বিকেল ৫ টা থেকে ৬ মে ভোর ৫ টা পর্যন্ত এই নিষেধাজ্ঞা বহাল থাকবে ।
এদিকে ভোট গণনার জন্য বরাক উপত্যকার জেলা প্রশাসনগুলি প্রস্তুতি প্রায় সম্পূর্ণ করে তুলেছে । মুখ্য নির্বাচন আধিকারীক অনুরাগ গোয়েল গতকাল কাছাড় জেলা পরিদর্শন করে ভোট গণনার সামগ্রিক পরিস্থিতি পর্যালোচনা করেন । তিনি শিলচর রামনগরে স্থাপন করা ষ্ট্রংরুম পরিদর্শন করে নিরাপত্তা ব্যবস্থা , গণনা কক্ষের প্রস্তুতি সহ আনুসাঙ্গিক বিষয় খতিয়ে দেখেন ।কাছাড় জেলার মাইক্র অবজার্ভার , কাউন্টিং সুপার ভাইজার এবং কাউন্টিং এসিস্টেন্টদের আগামীকাল সকাল সাড়ে ১০ টা থেকে শিলচরের উচ্চতর মাধ্যমিক বালক বিদ্যলয়ে দ্বিতীয় তথা চূড়ান্ত পর্যায়ের পোষ্টাল ব্যালট এবং ইভিএম গণনার প্রশিক্ষণ প্রদান করা হবে ।জেলা প্রশাসনের পক্ষ থেকে এর জন্য মোট ২০ জন প্রশিক্ষককে নিয়োগ করা হয়েছে ।
শ্রীভূমি জেলা প্রশাসন ভোট গণনা প্রক্রিয়া স্বচ্ছ ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে ইতিমধ্যে বিভিন্ন প্রস্তুতি সম্পন্ন করেছে ।এই সম্পর্কে বিস্তারিত জানাতে জেলা নির্বাচন আধিকারীকের পক্ষ থেকে আগামীকাল দুপুর ২ টোয় এক সাংবদিক সম্মেলনের আয়োজন করা হয়েছে । সাংবাদিক সম্মেলনে ভোট গণনার সার্বিক ব্যবস্থা , নিরাপত্তা ব্যবস্থা , মিডিয়া কভারেজ সংক্রান্ত নির্দেশিকা সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় তুলে ধরা হবে ।

---

সমগ্র দেশের সঙ্গে সঙ্গতি রেখে আসাম তথা বরাক উপত্যকায়ও আজ চিরাচরিত উৎসাহ উদ্দিপনার মাধ্যমে বুদ্ধ পূর্ণিমা পালিত হচ্ছে । গৌতম বুদ্ধ এই দিনটিতেই জন্মগ্রহণ করেছিলেন । এই তিথিতেই বুদ্ধগয়ায় মহাবোধী বৃক্ষের নীতে তিনি আলোকপ্রাপ্ত হন । অন্যদিকে কুশীনগরে আজকের দিনেই তার মহাপরিনির্বাণ হয় । বিশ্বের বিভিন্ন প্রান্তে আজকের দিনিটি বুদ্ধ পূর্ণিমা হিসেবে পালিত হচ্ছে । ভারত ছাড়াও , নেপাল , ভুটান , শ্রীলঙ্কা , মিয়ানমার , সিঙ্গাপুর , থাইল্যান্ড , দক্ষিণ কোরিয়া সহ একাধিক দেশে বৌদ্ধ ও হিন্দু ধর্মের মানুষরা এই তিথিতে উৎসব পালন করে থাকেন ।

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু , প্রধনমন্ত্রী নরেন্দ্র মোদী , কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ , লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা এই উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন । রাষ্ট্রপতি এক বার্তায় বলেছেন যে আজকের এই পবিত্র দিনটি ভগবান বুদ্ধর পৃথিবীতে আগমন , জ্ঞান প্রাপ্তি এবং মহাপরিনির্বানের ঐতিহাসিক ঘটনার প্রতীক । তিনি বলেন যে তার অহিংসা , করুণা , শান্তি এবং শাশ্বত বাণী সমূহ মানব জাতিকে সর্বদা পথ প্রদর্শন করবে । এক্স হ্যান্ডালে এক বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন যে ভগবান বুদ্ধের আদর্শ বাস্তবায়নে সরকার প্রতিশ্রুতিবদ্ধ । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে জনসাধারণকে শুভেচ্ছা জানিয়েছেন । মুখ্যমন্ত্রী সামাজিক মাধ্যমযোগে ভগবান বুদ্ধর শান্তি ও মানবতার আদর্শের মাধ্যমে সহমর্মিতা , সহনশীলতা এবং স্নেহভরা সুন্দর সমাজ গড়ে তুলতে পদক্ষেপ গ্রহণ করার জন্য সবার প্রতি আহ্বান জানান ।

---

বদরপুর রেলকলোনীর বৌদ্ধ বিহারে আজ বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে উৎসবের আয়োজন করা হয় । এদিকে আজ বরাক উপত্যকার তিন জেলার বিভিন্ন মন্দির বাসগৃহ ইত্যাদিতে পূর্ণিমা উপলক্ষ্যে বিশেষ পূজো অনুষ্ঠিত হয় ।

---

Unified Payments Interface ( UPI ) ভারতের ডিজিট্যাল অর্থনীতির ক্ষেত্রে বিশ্বের বৃহত্তম রিয়াল টাইম পেমেন্ট বা বাস্তব সম্মত অর্থ প্রদানের প্ল্যাটফর্ম হিসেবে আত্মপ্রকাশ করেছে । ২০১৬ সালে এই ব্যবস্থা চালু করা হয়েছিল । এই এক দশকে তা ভারতের ডিজিট্যাল অর্থনীতির মূল স্তম্ভ হয়ে ওঠেছে । আর্থিক অর্ন্তভুক্তি এবং সিমলেস বাণিজ্যিক আদান-প্রদানের মাধ্যমে ডিজিট্যাল পাবলিক পরিকাঠামোয় ইউ পি আই হয়ে বর্তমানে আর্ন্তজাতিক ব্যাঞ্চমার্ক হয়ে ওঠতে সক্ষম হয়েছে । ইউ পি আইর মাধ্যমে বর্তমানে লেনদেনের হার উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে ।

---

ভারতীয় জনতা পার্টির শ্রীভূমি জেলা মহিলা মোর্চার উদ্যোগে আজ শ্রীভূমি শহরে মহিলা সংরক্ষন বিলে বাধা , নারীর সম্মানে আঘাত ইত্যাদি অভিযোগ করে এক প্রতিবাদী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে । সমাবেশে নারীর অধিকার রক্ষা , সম্মান ও সম-অধিকার নিশ্চিত করতে মহিলা সংরক্ষন বিল কার্যকর করা নিয়ে বিভিন্ন বক্তা আলোচনা করেন ।

---

কাছাড়ের জেলা আয়ুক্ত আয়ুষ গার্গ গতকাল শিলচর শহরের নালা-নর্দমা এবং বন্যা নিয়ন্ত্রনের পরিকাঠামো পরিদর্শন করেন । জেলা আয়ুক্ত শ্রীগার্গ জল নিষ্কাশনের তিনটি নালা রাঙ্গিড়খাল , লংগাইখাল এবং সিংগিরখাল পরিদর্শন করেন । পরিদর্শনকালে জেলা আয়ুক্তের সঙ্গে জেলা দূর্যোগ মোকাবিলা বিভাগের মূখ্য কার্যবাহী আধিকারীক ডেভিড কুমার বরুয়া , জলসম্পদ ও পূর্ত বিভাগের কার্যবাহী আধিকারীক এবং শিলচর পৌর নিগমের আধিকারীকরা উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------

বিশ্বের দরবারে রবীন্দ্র সঙ্গীতের সুবাস ছড়িয়ে দিতে আগামী ১০ ই মে সন্ধ্যা ৬ টায় আসামের শিলচর সহ দেশের ১১ টি রাজ্যে ‘চিরনুতন’শীর্ষক শতকণ্ঠে ১১ শো’র বেশী শিল্পী রবীন্দ্র সঙ্গীত পরিবেশন করবেন ।এই অনুষ্ঠানের অংশ হিসবে রবিধারা শিলচরের উদ্যোগে ঐদিন সন্ধ্যা ৬ টায় শিলচর রাজিব ভবনে শতকণ্ঠে রবীন্দ্র সঙ্গীতের অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । এই অনুষ্ঠানটিতে একই সঙ্গে একই সময়ে আসামের শিলচর সহ দেশের ১১ টি রাজ্যে ১১ শো’র বেশী শিল্পী মোট ১৭ টি রবীন্দ্র সঙ্গীত পরিবেশন করবেন ।

---------------------------------------------------------------------------------